# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==================================================================

১। প্রধানমন্ত্রী আবাস যোজনার গ্রামীণের হিতাধিকারীদের আগামী বুধবার প্রথম কিস্তির অর্থ বিতরণ ।

২। আগামী মে মাসে ৯ হাজার স্নাতকোত্তর শিক্ষক পদের ফলাফল ঘোষণা করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার প্রকাশ ।

৩। রাজ্যের শিক্ষক শিক্ষিকাদের বদলির আবেদন প্রক্রিয়া পুনরায় চালু ।গ্রীষ্মের বন্ধের সময় বদলি কার্যকর করার লক্ষ্য ।

এবং

৪। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার আগামীকাল শিলচর রামকৃষ্ণ মিশনের নতুন মন্দিরের দ্বারোদঘাটন কার্যসূচী সহ অন্যান্য কার্যসূচীতে অংশগ্রহণ ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ রাজ্যের বিভিন্ন জেলার আয়ুক্ত ও সম জেলা আয়ুক্তদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে এক বৈঠকে মিলিত হয়ে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের হিতাধিকারীদেরকে প্রথম কিস্তির অর্থ বিতরণ সম্পর্কে আলোচনা করেন ।আগামী বুধবার কামরূপ জেলার পলাশবারীতে কেন্দ্রীয়ভাবে এই যোজনার হিতাধিকারীদেরকে প্রথম কিস্তির অর্থের অনুমোদন পত্র বিতরণ করা হবে ।প্রত্যেকটি জেলা ও সমজেলায় একই সময়ে এই অনুষ্ঠানের আয়োজন করতে মুখ্যমন্ত্রী সব জেলা ও সমজেলা আয়ুক্তদের নির্দেশ দেন ।ঐদিন রাজ্যের ৩ লক্ষ ৮৮ হাজার ৩৫৮ জন হিতাধিকারীকে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের অধীনে প্রথম কিস্তির

অর্থের অনুমোদন পত্র বিতরণ করা হবে ।বৈঠকে জেলা ও সমজেলা গুলোতে গামছা বিতরণ কার্যসূচী রূপায়ন সম্পর্কেও আলোচনা করা হয় । কার্যসূচী সফল ভাবে রূপায়ন করার জন্য মুখ্যমন্ত্রী আয়ুক্তের যাবতীয় নির্দেশ দেন ।

------------------------------------------------------------------------------------

আগামী মে মাসে রাজ্যের ৯ হাজার স্নাতকোত্তর শিক্ষক পদের ফলাফল ঘোষনা করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কিছু সময় আগে সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । তিনি আগামী জুন মাসে প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষায় উত্তীর্ন প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে জানান। এবারের মাধ্যমিক পরীক্ষায় সমাজ বিজ্ঞান বিষয়ের প্রশ্নপত্র কঠিন ছিল বলে শিক্ষার্থীদের করা অভিযাগের পরিপ্রেক্ষিতে সমাজ বিজ্ঞানে সকলের জন্য অতিরিক্ত নম্বরের ব্যবস্থা করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । রাজ্যের বিভিন্ন স্থানে সরকারের রুপায়ন করা পরিকাঠামোমূলক প্রকল্পের কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে দেরগাও এ সরুসাজাই এর মতো বৃহৎ ক্রীড়া প্রকল্প নির্মাণ করা হবে ও দেরগাও এর পুলিশ একাডেমীতে পুলিশ চিকিৎসা মহাবিদ্যালয় নির্মাণের ও পরিকল্পনা করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু আজ শিক্ষক শিক্ষয়িত্রীদের বদলির আবেদন প্রক্রিয়া পুনরায় চালু করেছেন । সমগ্র শিক্ষা আসামের কাহিলীপরা কার্যালয়ে শিক্ষামন্ত্রী বদলির জন্য পোর্টেলটি খুলে দিয়েছেন। সেই অনুযায়ী প্রাথমিক থেকে মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের ইচ্ছুক শিক্ষক শিক্ষয়িত্রীরা hrmsassam. in পোর্টেলের মাধ্যমে নির্ধারিত নিয়ম অনুযায়ী ৩০ শে এপ্রিল পর্যন্ত আবেদন করতে পারবেন ।আগামী গ্রীষ্মের ছুটিতে এই বদলি প্রক্রিয়া কার্যকর করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে বলে শিক্ষামন্ত্রী জানান । এই পোর্টেল সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন ---

বাইট

------------------------------------------------------------------------------------

রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিতে খালী থাকা প্রধান শিক্ষকের পদ পূরণের জন্য বিদ্যালয় শিক্ষা বিভাগ নির্দেশনা জারি করেছে । এই নির্দেশনা অনুযায়ী বিদ্যালয়ের সবচেয়ে সিনিয়র শিক্ষককে প্রধান শিক্ষক পদের জন্য বাছাই করা হবে । এছাড়া প্রাথমিক সঞ্চালকালয়ের অধীনে বিশেষ নিযুক্তি প্রক্রিয়ায় শিক্ষকের নিযুক্তির তারিখ থেকে সিনিয়র শিক্ষককে এই পদের জন্য বাছাই করা হবে ।ঠিকাভিত্তিতে নিয়োজিত শিক্ষককে সিনিওরিটির তালিকায় অর্ন্তভূক্ত করা হবেনা বলে নির্দেশনায় উল্লেখ করা

হয়েছে । সি আর সি সি অর্থাৎ ক্লাষ্টার রিসোর্স সেন্টার কো- অর্ডিনেটর হিসেবে দায়িত্ব নির্বাহ করে থাকা কোনো শিক্ষক বিদ্যালয়ের সিনিয়র বা প্রবীন শিক্ষক হিসেবে বাছাই হলে তাকে সি আর সি সি পদ ত্যাগ করার কথা লিখিতভাবে শিক্ষা বিভাগকে অবগত করতে হবে বলে  নির্দেশনায় বলা হয়েছে ।নিয়মিত প্রধান শিক্ষক না থাকা বিদ্যালয়গুলিতে জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক বা বিদ্যালয়ের পরিদর্শক একজন শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পন করবেন । এক ইভাবে নিয়মিত শিক্ষক না থাকা বিদ্যালয়ে বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অধীনে নিযূক্তিপ্রাপ্ত প্রবীন শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্ব দেওয়া হবে ।

-----------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্টের মুখ্য বিচারপতি সঞ্জীব খান্না কোলকাতা হাই কোর্টের বিচারপতি জয়মাল্য বাগচিকে আজ সুপ্রীমকোর্টের একজন বিচারপতি হিসেবে শপথ বাক্য পাঠ করান । সুপ্রীম কোর্টের অন্য বিচারপতিদের উপস্থিতিতে কোর্ট প্রাংগনে আজ এই শপথ গ্রহণ অনুষ্ঠান সম্পন্ন হয় ।বিচারপতি বাগচির নিযুক্তির সংগে সংগে সুপ্রীম কোর্টের জন্য নির্দিষ্ট বিচারপতিদের ৩৪ টি পদের বিপরীতে এপর্যন্ত ৩৩ জন বিচারপতিকে নিযুক্তি দেওয়া হলো । নতুনকরে নিযুক্তি লাভ করা বিচারপতি ৬ বছরের ও বেশী সময় দেশের সবোচ্চ ন্যায়লয়ে সেবা প্রদান করতে পারবেন ।এই কার্যকালের মধ্যে শ্রী বাগচির দেশের মুখ্য বিচারপতি হিসেবে ও কার্যনির্বাহ করার সম্ভাবনা রয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম পুলিশ রাজ্যের বিভিন্ন স্থান থেকে মটর সাইকেল সহ অন্যান্য বাহন চুরির সঙ্গে দীর্ঘদিন থেকে জড়িত মণিপুরের একটি চক্র উৎখাত করতে সমর্থ হয়েছে ।পুলিশ অভিযান চালিয়ে মেঘালয় এবং বাংলাদেশ সীমান্ত থেকে ১৩ টি মটর সাইকেল এবং তিনটি চার চাকার বাহন উদ্ধার করেছে ।এই চুরির ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে মণিপুরের ১৩ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে ।এই ঘটনার তদন্ত করে পুলিশ চুরি করা মটর সাইকেল গুয়াহাটী থেকে নৈশ বাসে করে মণিপুরে নিয়ে যাওয়ার বিভিন্ন তথ্য লাভ করে ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল শিলচর আসছেন । মুখ্যমন্ত্রী আগামীকাল সকাল ৯ টা ২৫ মিনিটে শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের ১০০ বছর পূর্তী তথা নতুন মন্দিরের দ্বারোদঘাটন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন ।এরপর সকাল ১১ টা ১০ মিনিটে তিনি শিলচরের দেশভক্ত তরুনরাম ফুকন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সুবর্ন জয়ন্তী উৎসবে যোগ দেবেন । বেলা ১২ টা ২০ মিনিটে  মূখ্যমন্ত্রী শিলচর সিভিল

হাসপাতালে আধুনিক ক্রিটিকেল কেয়ার ব্লকের শিলান্যাস করবেন । এছাড়া ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে তিনি শিলচর আবর্ত ভবনেরও ভিত্তিপ্রস্তর করবেন ।

---------------------------------------------------------------------------------------

মানব চক্রবর্তীকে হাইলাকান্দি পৌরসভার নতুন সভাপতি হিসেবে মনোনীত করা হয়েছে । জেলার অভিবাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পালের উপস্থিতিতে আজ হাইলাকান্দি পৌরসভার বোর্ড মিটিং-এ পৌরসভার চার নম্বর ওয়ের্ডে কমিশনার মানব চক্রবর্তীকে সভাপতি ও ১৬ নম্বর ওয়ার্ডের কমিশনার শিল্পী দাসকে সহ-সভানেত্রী হিসেবে মনোনীত করা হয়েছে । আজকের সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম , অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য কল্যান গোস্বামী হাইলাকান্দি বিজেপির জেলা সভাপতি মনোনীত হওয়ায় পৌরসভা পদটি শূন্য হয়ে পড়ে ছিল ।

বোর্ড মিটিং সর্ম্পকে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী কৃষ্ণেন্দু পাল জানান যে -----

---------------------------------------------------------------------------------------

শিলচর সৎসঙ্গ বিহারের উদ্যোগে এবং কাছাড় ক্যান্সার হাসপাতাল ও বরাক ভ্যালি ভোলান্টারি ব্লাড ডোনারস ফোরামের সহায়তায় আজ সৎসঙ্গ আশ্রমে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । শিবিরে তিনজন মহিলা সহ মোট ৪২ জন রক্তদান করেন ।এর পূর্বে সৎসঙ্গ বিহারের পরিচালন কমিটির সম্পাদক অনুপ কুমার বিশ্বাস জানান যে শ্রীশ্রী বড়দার শুভ আগমন স্মরণ উৎসব উদযাপন উপলক্ষে এই স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে আজ থেকে গর্ভাবস্থায় ফোলিক এসিডের গুরুত্ব বিষয়ে একটি বিশেষ সচেতনতা অভিযান শুরু করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ একটি সচেতনতামূলক র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে । জেলার মূখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিক ডক্টর মতিন্দ্র সূত্রধর পতাকা নেড়ে এই র‍্যালীর সূচনা করেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ আকবরপুর গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত কুজাইব গ্রামে দ্বি-ফসল চাষ পদ্ধতির প্রচারের উপর আলোকপাত করে একটি ক্ষেত্র পর্য্যায়ের আলোচনা সভার আয়োজন করা হয়েছে । ক্ষেত্র পর্য্যায়ের আলোচনা সভায় এ অঞ্চলের ফসলের বৈচিত্র্য এবং টেকসই কৃষি পদ্ধতি সহ রবি মরসুমে ধানের পর

রাজমা চাষের বিষয় নিয়ে কৃষি বিজ্ঞানীরা আলোচনা করেছেন । কৃষি বিজ্ঞানীরা দ্বি-ফসল পদ্ধতি কৃষকদের আয় বৃদ্ধি সহ জীবনযাত্রার মান উন্নত করবে বলে মন্তব্য করেন । উল্লেখ্য এ ধরনের উদ্যোগ এ অঞ্চলের খাদ্য নিরাপত্তা এবং টেকসই কৃষিকাজ পদ্ধতি উন্নত করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------